নভেম্বর,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব চন্দ্রদেব চাকমা, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি।
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি
সভার তারিখ ও সময়	:	২২ নভেম্বর, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের নাম	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
বিবেচ্য মাস	:	অক্টোবর, ২০২২খ্রি:।

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত সভার কার্যবিবরণী	গত সভার কার্যবিবরণী অনুমোদিত।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি।
২	উপজেলা পরিষদ যুব কমিটির সভা অনুষ্ঠিত হলেও কোন সুপারিশ পাওয়া যায় নি।	উপজেলা যুব কমিটির সভার কোন সুপারিশ না পাওয়াতে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি।	**সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।**
৩	**স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩২৬৩ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৭২ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৭৫ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৮ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১৩১ জন। মোট এএনসি-১ম ৮০ জন, ৪র্থ-৮৭ জন এবং পিএনসি ৯৯ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ০৪ জন টিবি রোগীর সংখ্যা= ০৮ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৫৮৩ জন, ১ম ডোজ প্রদান ৪১২৫৮ জন, দ্বিতীয় ডোজ ৪০৭৭০ জন, ৩য় ডোড-১৬৯৩০ জন, প্রদান করা হয়নি ৩২৫ জন মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) নির্দেশনা মোতবেক স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। (খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে বাড়ির আঙিনায় পাশ্ববর্তী ঝোপ ঝাড় পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করনের জন্য অনুরোধ করা হয়।	স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা পানছড়ি।
৪	**পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২১০৭ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৮১ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ২৮ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ২৮ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ১৫ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ২৯ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০১ জন, সাধারণ রোগী সেবা ৮৯৭ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা ১৩ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৪০২ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৬৬%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫৪৭৪ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩টি, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার .০৭% মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) প্রজননতন্ত্রের সংক্রমন ও যৌনবাহিত রোগ প্রতিরোধের লক্ষ্যে কাউন্সেলিং মাধ্যমে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। (খ) নিয়মিত উঠান বৈঠক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (গ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি।
৫	**কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মাঠে বিদ্যমান আমন ফসল ৫৫% কর্তন সম্পন্ন করা হয়েছে। ভূট্টা, সরিষা ও সূর্যমুখী উৎপাদন বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ভূট্টা ১৫০ বিঘা, সরিষা ৪০০ বিঘা এবং সূর্যমুখী ৬০ বিঘা জমিতে চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। অনাবাদী পতিত জমিকে আবাদের আওতায় আনার লক্ষ্যে মাননীয়, চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি কর্তৃক বরাদ্দকৃত ২৪০ কেজি সরিষা বীজ ২৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে	(ক) বোরো ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক কৃষক নির্বাচন কার্যক্রম যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) প্রান্তিক কৃষকগণকে ধান চাষের পাশাপাশি বসতবাড়ি আঙিনায় বিভিন্ন শাক সবজির চাষ করার লক্ষ্যে কৃষকগণকে উদ্বুদ্ধকরণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি।

	প্রণোদনা কর্মসূচির আওতায় হাইব্রিড ১৩০০ বিঘা এবং উফশি ৮০০ বিঘা জমির জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় মোট ১০১টি পরিবারকে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হয়েছে এবং প্রদর্শনী স্থাপন করা হয়েছে। চলতি মাসে ১৫০ মে.টন ইউরিয়া, টিএসপি ১০১.৪৫ মে.টন, এমওপি ২৪ মে.টন, ডিএপি ৫০ মে.টন বরাদ্দ পাওয়া যায়। বর্তমানে ইউরিয়া ৬৩ মে. টন, টি.এস.পি. ৩১ মে. টন, এমওপি ১ মে.টন এবং ডি.এ.পি. ১২ মে.টন মজুদ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ঘ) লক্ষ্যমাত্রানুযায়ী প্রয়োজনীয় সার মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়। (ঙ) অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় চলমান কার্যক্রম মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।	
৬	<u>মৎস্য বিভাগ :</u> উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২২-২০২৩) অর্থবছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা মৎস্য ভবনের কাজ শুরু করা হবে। তাই প্রস্তাবিত জায়গার সামনে উপজেলা পরিষদের পরিত্যক্ত ভবনটি ভেঙ্গে ফেলা প্রয়োজন এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/উপজেলা পরিষদের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।	(ক) খেলাপী ঋণ আদায়ের বিষয়ে মাঠ পর্যায়ে জোর তৎপরতার জন্য অনুরোধ করা হয়। (খ) চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২২-২০২৩) অর্থবছরের বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (গ) পরিত্যক্ত ভবনটি ভেঙে ফেলার বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি।
৭	<u>প্রাণি সম্পদ বিভাগ :</u> উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ৫৩১টি, হাঁস-মুরগী টিকা প্রদান ৬,০০০টি, গবাদি পশু চিকিৎসা ১১৬৭টি, হাঁস-মুরগী চিকিৎসা ৯৭৪টি, কৃত্রিম প্রজনন ৬৩টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ১,৯২৫ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ১৮৯০ টাকা, খামার পরিদর্শন এবং উঠান বৈঠক ০৫টি মর্মে সভায় উপস্থাপন করেন।	(ক) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রাণি চিকিৎসা সেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) নিয়মিত খামারীদের খামার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি।
৮	<u>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :</u> উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় ১ম কিস্তিতে ২১.২৭ লক্ষ টাকা পাওয়া যায়। ৪র্থ কিস্তি হিসেবে ২১.২৭x৪=৮৫.০৮ লক্ষ টাকার স্কীম লিস্ট ইতিমধ্যে পাওয়া গেছে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে স্কীম লিস্ট এর মধ্য থেকে অগ্রাধিকার ভিত্তিতে খাতওয়ারী বিভাজন করে খুব শ্রীঘ্রই সভা আহ্বান করে চূড়ান্ত স্কীম লিস্ট তৈরী করা হবে এবং প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে খুব শ্রীঘ্রই প্রকল্প তালিকা চূড়ান্ত করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সড়ক, ড্রেন, কালভার্ট, পাবলিক টয়লেট, কসাইখানা প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা ও বাজার কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আলোচনাক্রমে পানছড়ি	(ক) বিধি মোতাবেক শ্রীঘ্রই প্রকল্প তালিকা বাছাই পূর্বক পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক শ্রীঘ্রই নির্দিষ্টভাবে প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত করে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি।

	বাজারের রাস্তা ও হাসপাতাল সড়ক, তালুকদার পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সড়ক এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পশ্চিম পার্শ্বে ৬২ মি. সড়ক আরসিসি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও কসাইখানা স্টীল ব্রীজের নিকট, পাবলিক টয়লেট পানছড়ি বাজারে ১টি ও তালুকদার পাড়া ব্রীজ সংলগ্ন ২টি এবং বাজারের ড্রেনসহ নালকাটা কারিগর পাড়া রাস্তায় কালভার্ট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তালুকদার পাড়া ও তাপিতা পাড়া সর. প্রা. বিদ্যালয়ের পুরাতন বিদ্যালয় ভেঙে নিলামের ব্যাপারে নীতিগতভাবে সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।		
৯	<u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ২১.০৪৭৯ মে.টন চাল এবং ২১.০৪৭৯ মে.টন গম বরাদ্দ প্রদান করা হয়েছে কাজের অগ্রগতি ৫০%। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩১,৫৭,১৫৫/২৪ টাকা নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। গৃহীত প্রকল্প সংখ্যা ১৪টি, কাজের অগ্রগতি ৫০%। ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা ১ম কিস্তি মহিলা সংসদ সদস্য এর আওতায় ২৩,১৪,৩৮০/২০ টাকা, গৃহীত প্রকল্প সংখ্যা ০৭টি। কাজের অগ্রগতি ৫০%।	(ক) বিধি অনুযায়ী উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। (গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি।
১০	<u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :</u> সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না।	আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।
১১	<u>প্রাথমিক শিক্ষা বিভাগ :</u> উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ৮-১৮ তারিখ পর্যন্ত সকল সরকারি-বে-সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে নালকাটা ও পূজগাং ক্লাষ্টারে আলাদা প্রশ্নপত্রে বার্ষিক পরীক্ষা আরম্ভ হবে। আগামী ২০২৩ সনের নতুন বই ডিসেম্বর,২০২২খ্রি: এর মধ্যে পৌছেঁ যাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। বইয়ের গুদাম পরিচ্ছন্ন করে প্রস্তুত রাখ হয়েছে। প্রত্যাশা করার যাচ্ছে ১লা জানুয়ারী,২০২৩ বা নববর্ষে শিক্ষার্থীদের হাতে নতুন বই প্রদান করা যাবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বার্ষিক পরীক্ষা সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। (খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি।
১২	<u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, অনলাইন শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২২ সমন্বয় হয়েছে। এনসিটিবি কর্তৃক সরবরাহকৃত বই এর পরিমাণ ১০%। ১৮ ও ডিসেম্বর অত্র উপজেলায় ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ,২০২২খ্রি: অনুষ্ঠিত হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	(ক) এনসিটিবি কর্তৃক সরবরাহকৃত পাঠ্যবই চাহিদা মোতাবেক শতভাগ সরবরাহকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। (খ) উপজেলা পর্যায়ে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ,২০২২খ্রি: সুষ্ঠু সুন্দর ও সুশৃংখলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা পানছড়ি।
১৩	<u>সমাজসেবা বিভাগ :</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে পানছড়ি উপজেলায় বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধীদের মাঝে (বিকাশ) এর মাধ্যমে ভাতা বিতরণ হয়েছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ অনুদান হতে উপজেলার অসহায়, দু:স্থ পরিবার ও অসহায় ১০জন শিক্ষার্থীকে ৫০০০ টাকা হারে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে এবং ০৪	(ক) বিধি মোতাবেক সামাজিক সেবা প্রদান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি।